

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৮৮

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ১২, আবূ বকর (রা)-এর খিলাফতের দলীল।

باب فِي اسْتِخْلاَفِ أَبِي بَكْرٍ رضى الله عنه

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ النَّفَيْلِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، قَالَ حَدَّثَنِي الزُّهْرِيُّ، حَدَّثَنِي عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي بَكْرِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْحَارِثِ بْنِ هِشَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَمْعَةَ، قَالَ لَمَّا اسْتُعِزَّ بِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَأَنَا عِنْدَهُ فِي نَفَرٍ مِنَ الْمُسْلِمِينَ دَعَاهُ بِلاَلٌ إِلَى الصَّلاَةِ فَقَالَ مُرُوا مَنْ يُصِلِّي لِلنَّاسِ. فَخَرَجَ عَبْدُ اللَّهِ بْنُ زَمَعَةَ فَإِذَا عُمَرُ فِي النَّاسِ وَكَانَ أَبُو بَكْرٍ غَائِبًا فَقُلْتُ يَا عُمَرُ قُمْ فَصَلِّ بِالنَّاسِ فَتَقَدَّمَ فَكَبَّرَ فَلَمَّا سَمِعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم صَوْتَهُ وَكَانَ عُمَرُ رَجُلاً مُجْهِرًا قَالَ " فَأَيْنَ أَبُو بَكْرٍ يَأْبَى اللَّهُ ذَلِكَ وَالْمُسْلِمُونَ يَأْبَى اللَّهُ ذَلِكَ وَالْمُسْلِمُونَ . . مُجْهِرًا قَالَ " فَأَيْنَ أَبُو بَكْرٍ غَجَاءَ بَعْدَ أَنْ صَلَّى عُمرُ تِلْكَ وَالْمُسْلِمُونَ يَأْبَى اللَّهُ ذَلِكَ وَالْمُسْلِمُونَ " . فَبَعَثَ إِلَى أَبِي بَكْرٍ فَجَاءَ بَعْدَ أَنْ صَلَّى عُمرُ تِلْكَ الصَّلاَةَ فَصَلَّى بِالنَّاسِ .

বাংলা

৪৫৮৮. আবদুল্লাহ ইবন মুহাম্মদ (রহঃ) আবদুল্লাহ ইবন যাম'আ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর রোগ-যন্ত্রণা যখন তীব্র আকার ধারণ করে, তখন অন্যান্য মুসলিমদের সাথে আমিও তাঁর নিকট উপস্থিত ছিলাম। সে সময় বিলাল (রাঃ) নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-কে সালাতের জন্য ডাকতে আসলে, তিনি বলেনঃ কোন এক ব্যক্তিকে বল, সে যেন লোকদের (ইমাম হয়ে) নামায পড়িয়ে দেয়। আবদুল্লাহ্ ইবন যাম'আ (রাঃ) বেরিয়ে উমার (রাঃ)-কে লোকদের মাঝে দেখতে পান; আর আবৃ বকর (রাঃ) অনুপস্থিত ছিলেন। তখন আমি বলিঃ হে উমার! আপনি উঠুন এবং লোকদের নিয়ে সালাত আদায় করুন। তখন উমার (রাঃ) সামনে গিয়ে উচ্চ স্বরে তাকবীর পাঠ করে নামায শুরু করলে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তা শুনে বলেনঃ আবৃ বকর কোথায়? আল্লাহ্ তা'আলা এটা (উমরের ইমামতি) অপছন্দ করেন এবং মুসলিমরাও তা অপছন্দ করে। তিনি আবৃ বকর (রাঃ)-কে ডেকে পাঠান এবং তিনি সেখানে তখন উপস্থিত হন, যখন উমার (রাঃ) লোকদের নিয়ে সালাত আদায় করে ফেলেন। এরপর (আবৃ বকর) লোকদের নিয়ে সে সালাত পুনরায় আদায় করেন।



English

Narrated Abdullah ibn Zam'ah:

When the illness of the Messenger of Allah (ﷺ) became serious while I was with him among a group of people, Bilal called him for prayer. He said: Ask someone to lead the people in prayer. So Abdullah ibn Zam'ah went out and found that Umar was present among the people and AbuBakr was not there. I said: Umar, get up and lead the people in prayer. So he came forward and uttered "Allah is Most Great". When the Messenger of Allah (ﷺ) heard his voice, as Umar had a loud voice, he said: Where is AbuBakr? Allah does not allow that, and the Muslims too; Allah does not allow that, and the Muslims too. So he sent for AbuBakr. He came after Umar had led the people in that prayer. He then led the people in prayer.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু যাম'আহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন